গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(নেজারত শাখা)
চট্টগ্রাম
তথ্য বাতায়ন : www.chittagong.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৫০০.২০৪.০১.০০১.২১-৯০৫ তারিখ : ২৭/০৫/২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৬-৯০ তারিখ: ২৫ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ও আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শূণ্য পদ অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	অফিস সহায়ক	০৬ (ছয়)টি	গ্রেড-২০ (৮২৫০ – ২০০১০)	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	পরিচ্ছন্নতা কর্মী	০৮ (আট)টি	গ্রেড-২০ (৮২৫০ – ২০০১০)	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	নিরাপত্তা প্রহরী	০৮ (আট) টি	গ্রেড-২০ (৮২৫০ – ২০০১০)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

শর্তাবলী :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. প্রার্থীর বয়স ২৩/০৬/২০২১ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবরে নির্ধারিত ছকে লিখিত আবেদনপত্র আগামী ২৩/০৬/২০২১খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবেনা। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমটি (www.chittagong.gov.bd) ও (www.mopa.gov.bd) ওয়েবসাইটে এবং এ কার্যালয়ের নেজারত শাখায় পাওয়া যাবে। **আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।**

৪. অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৬. আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের খামের উপর পদের নাম ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৭. **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

ক) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের ০১(এক) কপি সত্যায়িত ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি। কোন নম্বরপত্র ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) প্রার্থীর আবেদনে উল্লেখিত জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

ঙ) সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর/ পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

চ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ তে ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালি ব্যংকের যে কোন শাখায় জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট লাগানো ১০" x ৪" একটি ফেরতখাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং ডান পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

জ) বিভাগীয় (চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তাছাড়া চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবেনা।

ঝ) সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারীকে অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।

ঞ) বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা	বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	বীর মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরনী	বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ
		(নাতি/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বর ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩। গেজেট নম্বর ও তারিখ ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ(ক্রমিক ১ ও ২ নং এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং-ক্রমিকে বর্ণিত গেজেট সহ ৪ নং ক্রমিকে বর্ণিত প্রমাণক দাখিল করতে হবে।	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ ৩। এস.এস.সি সনদ অনুযায়ী জন্ম তারিখ ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ

৮. জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম নেজারত শাখার ০৭/১০/২০১৮খ্রি: তারিখের ০৫.৪২.১৫০০.২০৪.০১.০০১.১৮-৯০১ স্মারক মূলে প্রচারিত বিজ্ঞপ্তির আলোকে উল্লিখিত পদসমূহে পূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাঁদেরকে পুনরায় আবেদন পত্র দাখিল করতে হবেনা।

৯. কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ন থাকবে।

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০৩১-৬১৯৯৯৬ ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd